



রাজধানীতে জ্বালানি তেলের সংকট, বন্ধ একাধিক পাম্প



ছবি: সংগৃহীত

সরবরাহ ঘাটতির কারণে মঙ্গলবার (১০ মার্চ) সকালেও রাজধানীর কয়েকটি ফিলিং স্টেশন চালু হতে পারেনি। তেল না পেয়ে অনেক চালককে ফিরে যেতে হয়েছে। ট্রাস্টি ফিলিং স্টেশন এলাকায় দেখা গেছে দীর্ঘ যানজটের মতো লাইন। কাজিফত জ্বালানি পেতে চালকদের দেড় থেকে দুই ঘণ্টা পর্যন্ত অপেক্ষা করতে হচ্ছে। ভোগান্তিতে ক্ষুব্ধ চালকদের দাবি, পরিস্থিতি দ্রুত স্বাভাবিক করতে সরকারের কার্যকর পদক্ষেপ জরুরি। কেউ কেউ অভিযোগ করেছেন, অসাধু চক্র তেল মজুদ করে সংকট বাড়িয়েছে। সংকট মোকাবিলায় ভারতের নুমালিগড় রিফাইনারি থেকে বাংলাদেশে ৫ হাজার মেট্রিক টন ডিজেল আনা হচ্ছে। বিষয়টি নিশ্চিত করেছেন বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন—এর বাণিজ্য ও পরিচালন বিভাগের মহাব্যবস্থাপক মুহাম্মদ মোরশেদ হোসাইন আজাদ।

তিনি জানান, ডিজেল পাম্পিং ইতোমধ্যে শুরু হয়েছে এবং পাইপলাইনের মাধ্যমে মঙ্গলবারের মধ্যেই দেশে পৌঁছাবে। জ্বালানির মজুত স্থিতিশীল রাখা ও সরবরাহ স্বাভাবিক রাখতে সরকার জরুরি ভিত্তিতে এই ব্যবস্থা নিয়েছে।

LENS ASIA